


কুরী বিধি ও নিয়োগ নীতিমালা

২০০৮

সংশোধিত - ২০০৯



মিল্ক ভিটা

milk vita

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড

প্রধান কার্যালয়ঃ দুগ্ধ ভবন

১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

Handwritten signature

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আপারগাঁও সিভিক সেন্টার
ঢাকা-১২০৭।

তারিখ- ১৩/১১/০৮ইং

সংস্করণ: ১/৯৫(অংশ ৩)(কৃঃশিঃ)/ ৪৩৮

বিষয়ঃ বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিষ্কভিটা) এর চাকুরীবিধি ও নিয়োগ
নীতিমালা, ২০০৮ইং অনুমোদন প্রসঙ্গে।

উর্পর্যুক্ত বিষয়ের আলোকে নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক অনুমোদিত বাংলাদেশ দুগ্ধ
উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিষ্কভিটা) এর চাকুরীবিধি ও নিয়োগ নীতিমালা, ২০০৮ইং নির্দেশক্রমে এ
সংক্রান্ত প্রেরণ করা হলো।

সংযুক্তঃ নিয়োগ নীতিমালা ৩০ (ত্রিশ) পাতা।
তফসিল ১৬ (ষোল) পাতা।
মোট = ৪৬ (চৈচত্রিশ) পাতা।

Handwritten signature

(মোস্তফা কামরুল মানজুর)
উপ-নিবন্ধক(কৃষিজ শিঃ)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্বাক্ষর

মহাব্যবস্থাপক
বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন (মিষ্কভিটা) লিঃ
১৩৯-১৪০, তেজগাঁও শি/ও. ঢাকা-১২০৮।

মিষ্ক ইউনিয়নের চাকুরীবিধি ও নিয়োগ নীতিমালা, ২০০৮

সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৩৭০ (ক) তারিখ ৪ ১৬-০৯-২০০৮ খ্রিঃ মূলে বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড'এর কর্মকর্তা-কর্মচারীদের চাকুরীবিধি ও নিয়োগ নীতিমালা পর্যালোচনা পূর্বক একটি পূর্ণাঙ্গ চাকুরীবিধি ও নিয়োগ নীতিমালা, ২০০৮ প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা হয়।

গঠিত কমিটি বিভিন্ন তারিখে অনুষ্ঠিত সভায় মিলিত হয়ে মিষ্ক ইউনিয়নের কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রস্তাবিত চাকুরীবিধি ও নিয়োগ নীতিমালা এবং সরকারী ও অন্যান্য প্রতিষ্ঠানের চাকুরীবিধি ও নিয়োগ নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে পরীক্ষা-নিরীক্ষা করে একটি খসড়া চাকুরীবিধি ও নিয়োগ নীতিমালা, ২০০৮ চূড়ান্ত করতঃ নিবন্ধক, সমবায় অধিদপ্তর এর অনুমোদনের জন্য উপস্থাপনের করে।

গত ১২-১১-২০০৮ খ্রিঃ তারিখে নিবন্ধক, সমবায় অধিদপ্তর এর সভাপতিত্বে বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড'এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রণীত খসড়া চাকুরীবিধি ও নিয়োগ নীতিমালা, ২০০৮ অনুমোদনের নিমিত্তে পর্যালোচনার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের উপস্থিতিতে একটি সভা অনুষ্ঠিত হয়।

- ১। সৈয়দা নুরুন নাহার
অতিরিক্ত নিবন্ধক, সমবায় অধিদপ্তর।
- ২। জনাব মোঃ কায়সারুল আলম
অতিরিক্ত নিবন্ধক, সমবায় অধিদপ্তর।
- ৩। জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন
অতিরিক্ত নিবন্ধক, সমবায় অধিদপ্তর।
- ৪। জনাব অমীম কুমার চট্টোপাধ্যায়
অতিরিক্ত নিবন্ধক, সমবায় অধিদপ্তর।
- ৫। জনাব নজির আহমদ
যুগ্ম-নিবন্ধক, সমবায় অধিদপ্তর।
- ৬। জনাব মোঃ আসাদুজ্জামান
যুগ্ম-নিবন্ধক, সমবায় অধিদপ্তর।
- ৭। জনাব প্রতুল কুমার সাহা
যুগ্ম-নিবন্ধক, সমবায় অধিদপ্তর।
- ৮। জনাব মোঃ আলতাফ হোসেন
মহাব্যবস্থাপক, মিষ্ক ইউনিয়ন।
- ৯। জনাব মোঃ মাহবুবুর রহমান
ব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), মিষ্ক ইউনিয়ন।

সভায় প্রতিষ্ঠানের কর্মকাণ্ড-কর্মপদ্ধতি, বর্তমান জনবল, প্লাস্ট সংখ্যা, আর্থিক অবস্থা, দুগ্ধ সংগ্রহ, আয়-ব্যয়, প্রতিষ্ঠান উন্নয়ন সম্ভাবনা বিচার-বিশ্লেষণ করতঃ প্রতিষ্ঠানের কর্মকাণ্ডকে আরো গতিশীল করার লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক প্রণীত খসড়া চাকুরীবিধি ও নিয়োগ নীতিমালা, ২০০৮ বিষয়ে বিস্তারিত আলোচনা-পর্যালোচনা করা হয়।

বর্ণিত অবস্থায়, প্রাতিষ্ঠানিক কর্মকাণ্ড, কর্মবিস্তৃতি, আয়-ব্যয় এর সাথে সামঞ্জস্য রেখে প্রতিষ্ঠানের কর্মকাণ্ডকে আরো গতিশীল করার লক্ষ্যে মিষ্ক ইউনিয়নের কর্মকর্তা-কর্মচারীদের জন্য চাকুরীবিধি ও নিয়োগ নীতিমালা, ২০০৮ অনুমোদন করা হ'ল।

(মোঃ মাসুদ ইলাহী)

নিবন্ধক (অতিরিক্ত সচিব)

সমবায় অধিদপ্তর

১৩/১১/০৮

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ
চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা ২০০৮

প্রথম অধ্যায়

সূচনা ৪

১.০০ সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

এ বিধিমালা বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড চাকুরী বিধি ও নিয়োগনীতিমালা, ২০০৮ নামে অভিহিত হবে এবং প্রবর্তনের দিন হতে মিল্ক ইউনিয়নের সকল কর্মচারীদের ক্ষেত্রে এ বিধিমালা কার্যকর হবে।

১.০১ প্রয়োগ ৪

মিল্ক ইউনিয়নে নিয়োজিত স্থায়ী অথবা অস্থায়ী সকল কর্মচারীর ক্ষেত্রে এ বিধিমালা প্রযোজ্য হবে তবে, চুক্তি ভিত্তিতে নিয়োজিত ব্যক্তিবর্গ ও প্রেষণে নিযুক্ত কর্মচারীর ক্ষেত্রে তাদের স্ব-স্ব নিয়োগের শর্তাবলী প্রযোজ্য হবে।

দ্বিতীয় অধ্যায়

২.০০ সংজ্ঞা ৪

বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকলে এ বিধিমালায় ৪

২.০১ আইন বলতে সমবায় সমিতি আইন ২০০১ সংশোধনীসহ বুঝাবে এবং বিধিমালা বলতে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ সংশোধনীসহ বুঝাবে।


২.০২ উপ-আইন বলতে নিবন্ধক, সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ'এর উপ-আইনকে বুঝাবে।

২.০৩ দস্ত বলতে এ বিধিমালার অধীন আরোপযোগ্য কোন দস্তকে বুঝাবে।

২.০৪ অসদাচরণ অর্থ সুশৃংখলা বা চাকুরী শৃংখলার হানিকর আচরণ অথবা Government Servants (Conduct) Rules 1979-এর কোন বিধানের পরপন্থী কোন কার্য অথবা কোন কর্মকর্তা বা অত্রলোকের পক্ষে অনুচিত শিষ্টাচারহীন কোন আচরণ এবং নিম্নবর্ণিত আচরণ সমূহ এর অশর্তভুক্ত হবে যথা : (ক) উর্ধ্বতন কর্মকর্তার আইন সংগত আদেশ অমান্য করা, (খ) কর্তব্য কাজে চরম অবহেলা প্রদর্শন, (গ) সরকার বা মিল্ক ইউনিয়নের কোন আদেশ, বিজ্ঞপ্তি, পরিপত্র এবং নির্দেশনাবলী আইন সংগত কারণ ব্যতিরেকে অবজ্ঞাকরন এবং (ঘ) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে নগ্ন, হয়রানিমূলক, মিথ্যা অথবা তুচ্ছ অভিযোগ সম্বলিত দরখাস্ত দাখিল।

/ চলমান পাতা-২

- ২.০৫ ডিজারশন অর্থ বিনা অনুমতিতে চাকুরী ত্যাগ করা অথবা ৬০ (ষাট) দিন বা ততোধিককাল বিনা অনুমতিতে অনুপস্থিত থাকা অথবা কর্ম হতে অনুমোদিত অনুপস্থিতি ধারাবাহিকতাক্রমে ৬০ (ষাট) দিন বা ততোধিককাল পূর্ণঅনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা অথবা বিনা অনুমতিতে দেশ ত্যাগ করা এবং ৩০ (ত্রিশ) দিন বা ততোধিককাল অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করার পর অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ (ষাট) দিন বা ততোধিককাল পূর্ণঅনুমতি ব্যতিরেকে বিদেশে অবস্থান করা ।
- ২.০৬ ক) বেতন/মজুরী বলতে একজন কর্মচারী কর্তৃক বেতনক্রমে অনুযায়ী মাসিক আহরিত বা বেতনক্রমে অনুযায়ী মূলবেতন বুঝাবে, যে বেতন স্থায়ী, অস্থায়ী অথবা স্থানাপন্ন (অফিসিয়েটিং) ক্ষমতা বলে তার দ্বারা অধিকৃত পদের জন্য অনুমোদিত অথবা প্রেষমে নিয়োজিত কোন কর্মকর্তার মূল পদে তাঁর পদ মর্যাদার কারণে তার যোগ্য পদের জন্য অনুমোদিত ।
- খ) ভাতা বলতে চিকিৎসা, বাড়ীভাড়া, যাতায়াত ভাতা, সামান্য ভাতা, বিশেষ ভাতা ইত্যাদি বুঝাবে ।
- ২.০৭ গড় বেতন বলতে বারটি পঞ্জিকা মাসব্যাপী কর্মরত থাকাকালীন সময়ে পরবর্তী মাস শেষ হবার অব্যবহিত পরেই মাসিক অর্জিত মূল বেতনকে বুঝাবে ।
- ২.০৮ কর্মচারী বলতে মিল্ক ইউনিয়ন কর্তৃক নিযুক্ত মিল্ক ইউনিয়নের প্রধান কার্যালয়সহ কারখানাসমূহে নিয়োজিত নিয়মিত মাসিক বেতনভুক্ত সকল কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক বুঝাবে ।
- ২.০৯ শিক্ষানবিশ অর্থ কোন পদে শিক্ষা নবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ।
- ২.১০ স্থায়ী কর্মচারী বলতে সে কর্মচারীকে বুঝাবে, যাকে স্থায়ী পদে নিয়মিত ক্ষেত্রে নিয়োগদানের পরে তার শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিবাহিত হয়েছে ।
- ২.১১ ব্যবস্থাপনা কমিটি বলতে প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমন্বয় সমিতি সমূহের সদস্যগণের প্রতিনিধি কর্তৃক নির্বাচিত অথবা আইনের আওতায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমন্বয় ইউনিয়ন লিমিটেড'এর ব্যবস্থাপনা কমিটিকে বুঝাবে ।
- ২.১২ তফসিল বলতে এ বিধিমালার সাথে সংযোজিত তফসিলকে বুঝাবে ।
- ২.১৩ নিয়োগকারী কর্তৃপক্ষ বলতে মিল্ক ইউনিয়নের ব্যবস্থাপনা কমিটি অথবা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝাবে ।
- ২.১৪ পদোন্নতি/বাহাই কমিটি বলতে ৩.০৪ উপবিধি অনুযায়ী গঠিত কোন কমিটিকে বুঝাবে ।
- ২.১৫ প্রয়োজনীয় যোগ্যতা অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা বুঝাবে ।
- ২.১৬ মিল্ক ইউনিয়ন বলতে বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমন্বয় ইউনিয়ন লিমিটেড'কে বুঝাবে ।
- ২.১৭ আপীল কর্তৃপক্ষ বলতে নিয়োগকারী কর্তৃপক্ষের উর্দ্বতন কর্তৃপক্ষ অথবা নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা তাঁর অধঃস্তন কর্তৃপক্ষ বুঝাবে ।



স্বীকৃত ভাষা বলতে মূল বেতনের অর্ধেক ও পূর্ণ বাড়ীভাড়া, যাতায়াত ও চিকিৎসা ভাতাকে বুঝাবে।

পদ বলতে তফসিলে বর্ণিত পদসমূহকে বুঝাবে।

স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড বা স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত প্রতিষ্ঠান' অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানকে বুঝাবে এবং এ বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলে ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এর অন্তর্ভুক্ত হবে।

তৃতীয় অধ্যায়

নিয়োগ

নিয়োগ পদ্ধতি :

এ অধ্যায় এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নেবর্ণিত পদ্ধতিতে নিয়োগ দান করা যাবে, যথা :

- ক) সরাসরি নিয়োগের মাধ্যমে
- খ) পদোন্নতির মাধ্যমে
- গ) শ্রেষনে

নিয়োগের ব্যাপারে বিধিমালার অন্যত্র যা'ই থাকুক না কেন, যথাযথ কর্তৃপক্ষ তফসিলে বর্ণিত যে কোন পদে শ্রেষনে নিয়োগদান করতে পারবেন।

ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের ক্ষেত্রে প্রতিষ্ঠানের দৈনিক দুগ্ধ সংগ্রহ ন্যূনতম ৪.০০ (চার) লক্ষ লিটার হতে হবে।

যদি কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে যদি তাঁর বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয় তবে উক্ত ব্যক্তি নিয়োগের যোগ্য হবেন না। তবে শর্ত থাকে যে, এ বিধিমালা জারীর পূর্বে কোন ব্যক্তি মিল্ক ইউনিয়নে কোন পদে এজেন্ট বা দৈনিক ভিত্তিতে নিয়োগ প্রাপ্ত হয়ে অব্যাহতভাবে কর্মকালীন থাকলে তাঁর সর্বোচ্চ ব্যবসায়ীমাস শিকাগত যোগ্যতা শিথিল করা যাবে।

নিয়োগ ও পদোন্নতি কমিটি :

কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে সুপারিশ প্রদানের জন্য সমবায় বিধিমালা ও মিল্ক ইউনিয়নের উপ-আইন অনুযায়ী এক বা একাধিক নিয়োগ ও পদোন্নতি কমিটি থাকবে এবং ব্যবস্থাপনা কমিটি নিয়োগ ও পদোন্নতি কমিটির সুপারিশ অনুযায়ী নিয়োগদান করবে। উক্ত কমিটি নিম্ন বর্ণিত কর্মকর্তা সমন্বয়ে গঠন করা যাবে;

ক) কর্মকর্তাদের ক্ষেত্রে-

- ১) যুগ্ম সচিব পর্যায়ের একজন কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
- ২) অতিরিক্ত নিবন্ধক/যুগ্ম নিবন্ধক পর্যায়ের একজন কর্মকর্তা, সমবায় অধিদপ্তর
- ৩) প্রধান নিবাহী, মিল্ক ইউনিয়ন

আহবায়ক

সদস্য

সদস্য- সচিব

তবে কোন টেকনিক্যাল পদের কর্মকর্তা পর্যায়ে সরাসরি নিয়োগের ক্ষেত্রে উক্ত পদের সাথে সামঞ্জস্য রেখে সরকারী/ স্বায়ত্বশাসিত/বেসরকারী প্রতিষ্ঠানের উপযুক্ত একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত করা যাবে।

/ চলমান পাতা-৪

খ) শ্রমিক-কর্মচারীদের ক্ষেত্রে-

- ১) প্রধান নির্বাহী, মিল্ক ইউনিয়ন
- ২) সিনিয়র সহকারী সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
- ৩) যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক, সমবায় অধিদপ্তর
- ৪) উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন বিভাগ), মিল্ক ইউনিয়ন

আহ্বায়ক
সদস্য
সদস্য
সদস্য- সচিব

৩.০৫ সরাসরি নিয়োগ :

১. কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হবেন না, যদি তিনি-

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা
- (খ) নিয়োগের সময় ১৮ বৎসরের কম বয়স্ক হন।
- (গ) বাংলাদেশের নাগরিক নহেন এরূপ কোন ব্যক্তিকে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন (সর্বশেষ সরকারী সার্কুলার অনুসরণযোগ্য)।
- (ঘ) কোন প্রকার মিথ্যা বিবরণী ও কাগজপত্র দাখিল করে।
- (ঙ) ফৌজদারী কার্যবিধি অনুসারে দন্ডপ্রাপ্ত বা সাজাপ্রাপ্ত হন।

২. কোন পদে কোন ব্যক্তি সরাসরিভাবে নিয়োগ লাভের যোগ্য হবেন না যদি তিনি-

- (ক) এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনের অনুপোযুক্ত বলে বিবেচিত হন।
- (খ) এরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ, যথাযোগ্য এজেন্সীর প্রতিবেদন অনুযায়ী সংস্থার চাকুরীতে নিয়োগ লাভের জন্য অনুপোযুক্ত বলে বিবেচিত হন।

৩. সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদ বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহ্বান করে পূরণ করা হবে। এ নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করতে হবে।

৪. এ বিধিমালা জারীর পর হতে মিল্ক ইউনিয়নের চাকুরীতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী বিধি অনুসরণ করতে হবে।

৫. সরাসরি নিয়োগের ক্ষেত্রে এতদুদ্দেশ্যে প্রবিধান ৩.০৪ এর অধীনে গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী ব্যবস্থাপনা কমিটি নিয়োগদান করবে।

৬. বিধিমালা ৩.০৪ এর আলোকে গঠিত নিয়োগ কমিটি প্রয়োজনে একটি স্বতন্ত্র বা পেশাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে কর্মকর্তা নিয়োগের কার্যক্রম সম্পাদন করতে পারবে।

৭. প্রতিষ্ঠানের কর্ম-বিস্তৃতির লক্ষ্যে দেশের বিভিন্ন দুর্গম সম্ভবনাময় এলাকায় নতুন দুর্গম কারখানা স্থাপনের ক্ষেত্রে পিপি অনুযায়ী উন্নয়ন বাজেটের আওতায় উন্মুক্ত বিজ্ঞাপিত প্রকাশ করতঃ লিখিত ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রয়োজনীয় জনবল নিয়োগ করা যাবে যা প্রকল্প চলাকালীন নির্দিষ্ট মেয়াদান্তে নিবন্ধক, সমবায় অধিদপ্তরের অনুমোদনক্রমে মূল জনবল কাঠামোতে অন্তর্ভুক্ত করা যাবে। তবে কোন ব্যক্তি কোন পদে এডহক বা দৈনিক ভিত্তিক কর্মচারী হিসাবে দীর্ঘদিন যাবৎ (কমপক্ষে তিন বছর) চাকুরীতে অব্যাহতভাবে নিয়োজিত থাকলে পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করতঃ তফসিলে বর্ণিত পদ অনুযায়ী আত্মীকরণ (স্থায়ীকরণ) করা যাবে। তবে এ বিধিমালা জারীর পর দৈনিক ভিত্তিতে কোন শ্রমিক কর্মচারী নিয়োগ করা যাবেনা।

/ চসমান পাভা-৫



৮. অবসর গ্রহনকারী কোন কর্মকর্তা ও কর্মচারী কে চুক্তি ভিত্তিক নিয়োগ করা যাবে না। তবে আবশ্যিক ক্ষেত্রে বিশেষ বিবেচনায় প্রধান নির্বাহী/মহাব্যবস্থাপক পদে সর্বোচ্চ এক বৎসরের জন্য নিবন্ধক, সমবায় অধিদপ্তর এর অনুমোদনক্রমে চুক্তিভিত্তিক নিয়োগদান করা যাবে।

৯. চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তির শর্তানুযায়ী বেতনভাতা ও অন্যান্য সুবিধাদি নির্ধারিত হবে।

পদোন্নতির মাধ্যমে নিয়োগ :

- (১) কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, বিধিমালা-৩.০৪ এর আলোকে গঠিত নিয়োগ ও পদোন্নতি কমিটি কর্তৃক তদুদ্দেশ্যে বাছাইকৃত প্রার্থীদের তালিকা অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগদান করবে।
- (২) কোন ব্যক্তির চাকুরী বৃত্তান্ত (Service Record) সন্তোষজনক না হলে তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগের যোগ্য বলে বিবেচিত হবেন না।

শিক্ষানবিশী এবং স্থায়ীকরণ :

স্থায়ী শূন্য পদে নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ নিম্নোক্ত সময়ের জন্য শিক্ষানবিশ হিসেবে থাকবেন :

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ০২ (দুই) বৎসরকাল এবং পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে ০১(এক) বৎসরকাল।
- (খ) শিক্ষানবিশীকাল তার যোগদানের তারিখ হতে গণনা করা হবে।
- (গ) কোন কর্মচারীকে কোন পদে স্থায়ী করা হবেনা, যদি না সন্তোষজনকভাবে শিক্ষানবিশীকাল সমাপ্ত করে থাকেন এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহন করে থাকেন।

চতুর্থ অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

৩.০০ (ক) এক স্থান হতে অন্য স্থানে বদলীর ক্ষেত্রে নিম্নরূপ যোগদানের সময় পাবেন।

-	৫০ কিঃ মিঃ এর কম দূরত্বে	- ০২ দিন
-	৫০ কিঃ মিঃ হতে ১০০ কিঃ মিঃ এর মধ্যে	- ০৩ দিন
-	১০০ কিঃ মিঃ হতে তদূর্ধ্ব দূরত্বের জন্য	- ০৫ দিন

(খ) সরকারী ছুটি বা সাপ্তাহিক ছুটির দিন উল্লেখিত ছুটির মধ্যে গন্য হবে না।

৩.০১ জনবল কাঠামো :

জনবল কাঠামো বলতে মিল্ক ইউনিয়নের কার্য প্রকৃতি অনুযায়ী নিবন্ধক, সমবায় অধিদপ্তর কর্তৃক অনুমোদিত উপযোগী জনবল কাঠামোকে বুঝাবে।

৪.০২ বেতন কাঠামো :

বেতন কাঠামো বলতে মিল্ক ইউনিয়নের কর্মচারীদের জন্য শ্রেণীত নিবন্ধক, সমবায় অধিদপ্তর কর্তৃক অনুমোদিত একটি উপযুক্ত বেতন কাঠামো বুঝাবে।

৪.০৩ শিক্ষাগত যোগ্যতা :

সংশ্লিষ্ট পদের বিপরীতে তফসিলে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা বুঝাবে।

৪.০৫ প্রারম্ভিক বেতন :

- (১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্নস্তরই হবে তার প্রারম্ভিক বেতন।
- (২) কোন পদে বিশেষ ক্ষেত্রে শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তা নিয়োগে নিয়োগ ও পদোন্নতি কমিটির সুপারিশ ভিত্তিতে উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যেতে পারে।
- (৩) মিল্ক ইউনিয়ন এ কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবলী জারী করে তদানুসারে সংস্থার কর্মচারীদের বেতন সংরক্ষণ করা হবে।

৪.০৬ পদোন্নতির ক্ষেত্রে বেতন :

কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে সেক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক বেতন নির্ধারিত হবে।

৪.০৭ বেতন বৃদ্ধি :

একজন কর্মচারীর প্রথমতঃ নিয়োগ তারিখ অনুযায়ী প্রতি বৎসর ঐ তারিখে তার বার্ষিক বেতন বৃদ্ধি ঘটবে তবে পরবর্তী সময় পদোন্নতির ক্ষেত্রে পদোন্নতির তারিখই বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হিসেবে গন্য হবে। এ বেতন বৃদ্ধি স্বয়ংক্রিয়ভাবে হবে।

৪.০৮ জ্যেষ্ঠতা :

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে মেধা তালিকা অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। তবে যে সকল ক্ষেত্রে মেধা তালিকা নেই, সেক্ষেত্রে সংশ্লিষ্ট পদে যোগদানের তারিখ হতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে এবং একই সময়ে একই পদে একাধিক কর্মচারী যোগদান করলে বয়স ভিত্তিতে করলে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।
- (খ) উপরোক্ত বৈশিষ্ট্য সমূহ সমান হলে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও পরবর্তী ধাপে বয়স জ্যেষ্ঠতার মাপকাঠি হবে।
- (গ) মিল্ক ইউনিয়ন কর্মচারীদের গ্রেডওয়ারী একটি জ্যেষ্ঠতার তালিকা সংরক্ষণ করবে এবং সময় সময় তাদের অবগতির জন্য এরূপ তালিকা প্রকাশ করবে।
- (ঘ) একই বছরে সরাসরি নিয়োগপ্রাপ্ত এবং পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিবর্গের মধ্যে পদোন্নতি প্রাপ্ত ব্যক্তিগণ জ্যেষ্ঠ হবেন।

৩.৩ পদোন্নতি :

- (ক) জ্যেষ্ঠতা ও সন্তোষজনক চাকুরীর রেকর্ড অনুযায়ী মেধার ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হবে।
- (খ) কোন কর্মচারী নির্দিষ্ট পদে তফসিলে বর্ণিত সময় অবিচ্ছিন্নভাবে চাকুরী না করা পর্যন্ত অবশ্যই পদোন্নতির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।
- (গ) কোন কর্মচারী তফসিলে বর্ণিত সময়ের মধ্যে পদোন্নতি প্রাপ্ত না হলে এতদসংক্রান্ত সরকারী বিধানের অনুরূপ উপায়ে তিনি টাইম-স্কেল প্রাপ্য হবেন।
- (ঘ) কোন কর্মকর্তা তফসিলে বর্ণিত সময়ের মধ্যে পদোন্নতি প্রাপ্ত না হলে এতদসংক্রান্ত সরকারী বিধানের অনুরূপ উপায়ে তিনি সিলেকশন গ্রেড প্রাপ্য হবেন।
- (ঙ) কোন কর্মচারীর চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হলে তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ লাভের যোগ্য হবেন।
- (চ) পদোন্নতির ক্ষেত্রে এক্সিকিউটিভ অফিসার হতে উপ-মহাব্যবস্থাপক পর্যন্ত পেশাগত দক্ষতার কারণে উইৎ/বিভাগীয় পর্যায়ে কোন রদবদল (পদায়ন) করা যাবে না। তবে অর্থ ও হিসাব বিভাগ এবং আডমিনিস্ট্রেশন নিরীক্ষা বিভাগের ক্ষেত্রে উহা শিথিলযোগ্য। উপ-মহাব্যবস্থাপক পদের কোন কর্মকর্তাকে যোগ্যতার ভিত্তিতে অন্যান্য বিভাগের দায়িত্ব প্রদান করা যেতে পারে।
- (ছ) জুনিয়র এক্সিকিউটিভ হতে এক্সিকিউটিভ অফিসার পদে তফসিলে বর্ণিত যোগ্যতার ভিত্তিতে সর্বোচ্চ শতকরা ১০ ভাগ পদোন্নতি প্রদান করা যাবে।
- (জ) ব্যবস্থাপক ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের পদোন্নতি ব্যবস্থাপনা কমিটি এবং তদনিন্ম পদের কর্মকর্তা-কর্মচারীগণের পদোন্নতি প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হবে। তবে নিয়োগ ও পদোন্নতি কমিটির সুপারিশ ব্যতীত পদোন্নতি প্রদান করা যাবে না।


৩.৪ নিরাপত্তার জামিন তথা গোপনীয়তার ঘোষণা পত্র (Declaration of Confidentiality) :

বিশ্বস্ততার প্রমাণ স্বরূপ সকল কর্মচারী/কর্মকর্তা মিল্ক ইউনিয়নের নিকট নিরাপত্তা জামিন তথা গোপনীয়তার ঘোষণা পত্র প্রদান করবেন। অপরিহার্য বিবেচিত হলে মিল্ক ইউনিয়ন ব্যক্তিগত জামিন অথবা বিশ্বস্ততার মুচলেকা গ্রহন করবে।

৩.৫ বিদেশ প্রশিক্ষণ/অধ্যয়ন :

মিল্ক ইউনিয়নের অর্থায়নে অথবা উদ্যোগ (Sponsor)'এ কোন কর্মকর্তা/ কর্মচারীদেরকে প্রশিক্ষণ বা অধ্যয়নের উদ্দেশ্যে বিদেশ প্রেরণ করার ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসৃত হবে।

/ চলমান পাতা-৮

নাম


(কর্তৃপক্ষের পক্ষে)
সিনিয়র অফিসার (সিনিয়র পিচ)
মিল্ক ইউনিয়ন, ঢাকা।

পঞ্চম অধ্যায়

ছুটি

৫.০০ ছুটির দাবী/প্রকার ভেদ :

ছুটি অধিকার হিসাবে দাবী করা যাবে না, কিন্তু নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক কর্মচারীদেরকে প্রদত্ত সুযোগ-সুবিধা হিসাবে ছুটি দাবী করা যাবে। চাকুরীতে কোন অপরিহার্য প্রয়োজনে কর্তৃপক্ষ ছুটি মঞ্জুর না-ও করতে পারেন অথবা ইতোমধ্যে অনুমোদিত ছুটি বাতিল করতে পারেন অথবা ছুটির প্রকৃতি পরিবর্তন করতে পারেন অথবা এরূপ ছুটি শেষ হবার পূর্বেই একজন কর্মচারীকে পুনরায় কাজে তলব করতে পারেন।

কর্মচারীগণ নিম্নবর্ণিত যে কোন ধরণের ছুটি প্রাপ্য হবেন, যথা :

- (ক) পূর্ণ বেতনে বার্ষিক/অর্জিত ছুটি;
- (খ) অর্ধ বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) সংগরোধ ছুটি;
- (ঙ) চিত্তবিনোদন ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) নৈমিত্তিক ছুটি
- (জ) অধ্যয়ন ছুটি;
- (ঝ) পীড়িত ছুটি;
- (ঞ) উৎসব ছুটি;
- (ট) ঐচ্ছিক ছুটি;
- (ঠ) পরিপূরক ছুটি;
- (ড) ক্ষতিপূরণ ছুটি

৫.০১ পূর্ণবেতনে বার্ষিক/অর্জিত ছুটি :

পূর্ববর্তী ১২ মাস ব্যাপী একজন স্থায়ী কর্মচারী কর্তৃক বাস্তবভাবে সম্পাদিত কাজের প্রতি ১৬ দিনের জন্য একদিন হারে বার্ষিক ছুটি নির্ণয় করা হবে। বার্ষিক ছুটি ভোগ না করলে তা জমা থাকার ক্ষেত্রে কোন সীমা থাকবে না। প্রতিষ্ঠান ত্যাগের সময় জমাকৃত ছুটির নগদায়ন ভিত্তিতে প্রয়োজনীয় অর্থ প্রতিষ্ঠান প্রদান করবে।

৫.০২ অর্ধবেতনে ছুটি :

কর্মকালীন সময়ের $1/11$ হারে অর্ধ গড় বেতনে ছুটি অর্জিত হবে এবং এরূপ ছুটি জমা হওয়ার কোন সময় সীমা থাকবেনা। মেডিকেল সার্টিফিকেট দাখিল করা হলে, এ অর্ধ গড় বেতনের ছুটিকে সর্বাধিক ১২ (বার) মাস পর্যন্ত গড় বেতনের ছুটিতে রূপান্তরিত করা যাবে। প্রতি দুই দিন অর্ধ গড় বেতনে ছুটির পরিবর্তে একদিন পূর্ণ বেতনের ছুটির হারে অর্ধ বেতনের ছুটিতে রূপান্তর করা যেতে পারে।



/ চলমান পাতা-৯

২০০ বিনাবেতনে অসাধারণ ছুটি :

কোন কর্মচারীর ছুটি পাওনা না থাকলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বিশেষ বিবেচনায় তাকে অসাধারণ ছুটি মঞ্জুর করা যেতে পারে। এরূপ ছুটি বিনাবেতন ও বিনাভাতাদিতে মঞ্জুর করা হবে এবং এরূপ ছুটি অবশ্যই কোন একটি উপলক্ষ্যে ৩ (তিন) মাসের এবং কর্মচারীর সমগ্র চাকুরীকালের ১২ (বার) মাসের অতিরিক্ত হবে না।

২০১ সংরোধ ছুটি :

- ১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক ব্যাধি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে যে সময়ের জন্য উপরোক্ত নির্দেশ কার্যকর থাকে সে সময়কাল হবে সংরোধ ছুটি। এ ছুটি স্ব-বেতনে ছুটি হিসেবে গণ্য হবে।
- ২) অফিস প্রধান কোন চিকিৎসা-কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেট এর ভিত্তিতে অনূর্ধ্ব ২১ (একুশ) দিন অথবা অস্বাভাবিক অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের জন্য সংরোধ ছুটি মঞ্জুর করতে পারেন।
- ৩) সংরোধের উপ-প্রবিধান (২)'এ উল্লেখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হলে, তা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এ প্রবিধানমালার অধীন অন্য কোন প্রকার ছুটি হিসেবে গণ্য হবে।
- ৪) সংরোধ ছুটি অন্য যে কোন প্রকার ছুটির সংগে সংযুক্ত করেও মঞ্জুর করা যেতে পারে।
- ৫) সংরোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তার দায়িত্ব পালনে অনুপস্থিত বলে গণ্য করা হবে না এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাকে এরূপ ছুটি দেওয়া যাবে না।

২০২ চিত্তবিনোদন ছুটি :

কোন স্থায়ী কর্মচারী প্রতি ৩ (তিন) বৎসর অন্তর ১৫ (পনের) দিন চিত্তবিনোদন ছুটিসহ কর্মচারী যে মাসে ছুটিতে যাবেন উহার পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ চিত্তবিনোদন ভাতা প্রাপ্য হবেন। তবে, উল্লেখিত ছুটি তার বার্ষিক ছুটি হতে কর্তন যোগ্য হবে।

২০৩ প্রসূতি ছুটি :

- ১) কোন মহিলা কর্মচারীকে পূর্ণবেতনে সর্বাধিক ৪ (চার) মাস পর্যন্ত প্রসূতি ছুটি মঞ্জুর করা যেতে পারে এবং তা তার পাওনা ছুটি হতে বাদ দেয়া হবে না।
- ২) প্রসূতি ছুটি মঞ্জুরীর অনুরোধ কোন নিবন্ধিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হলে উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনামতে কর্মচারীর প্রাপ্য অন্য যে কোন ছুটির সাথে একত্রে তা সম্প্রসারিত করে মঞ্জুর করা যাবে।
- ৩) সংস্থার কোন কর্মচারীর সম্পূর্ণ চাকুরী জীবনে তাকে দুইবারের অধিক প্রসূতি ছুটি মঞ্জুর করা যাবে না।



৫.০৭ অধ্যয়ন ছুটি :

- (১) মিস্ক ইউনিয়নে তার চাকুরীর জন্য সহায়ক হতে পারে এরূপ বৈজ্ঞানিক, কারিগরী বা অনুরূপ সমস্যাটি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কোন কর্মচারীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষে অর্ধ-বেতনে অনধিক ১২ (বার) মাস অধ্যয়ন ছুটি মঞ্জুর করতে পারে এরূপ ছুটি তার ছুটির হিসাব হতে বাদ দেয়া হবে না।
- (২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখতে পান যে, মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ তার অধ্যয়ন বা প্রশিক্ষণ কোর্স ও পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেক্ষেত্রে সময়ের স্বল্পতা পূরণকল্পে উপযুক্ত কর্তৃপক্ষ অনধিক আরো এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করতে পারবে।
- (৩) পূর্ণ-বেতনে বা অর্ধ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সাথে একত্রে অধ্যয়ন ছুটি অনুমোদন করা যেতে পারে, তবে এরূপ মঞ্জুরীকৃত ছুটি কোনক্রমেই একত্রে মোট দুই বৎসরের অধিক হবে না।
- (৪) পূর্বে অনুমোদিত কোন পরীক্ষায় যারা অবতীর্ণ হবেন, তাদেরকে পরীক্ষার দিনসমূহে বিশেষ ছুটি অনুমোদন করা যেতে পারে এবং ঐ দিনসমূহে তারা কর্তব্যরত বলে বিবেচিত হবেন।

৫.০৮ নৈমিত্তিক ছুটি :

প্রত্যেক কর্মচারী পঞ্জিকা বৎসরে পূর্ণ মজুরী/বেতনসহ ২০ দিন বা সরকার কর্তৃক নির্ধারিত দিনের নৈমিত্তিক ছুটি পাবার যোগ্য হবেন। তবে শর্ত থাকে যে, এ বিধির আওতায় প্রাপ্য নৈমিত্তিক ছুটির জের সে পঞ্জিকা বৎসরের পরে অবশ্যই টানা যাবে না।

৫.০৯ পীড়িত ছুটি :

প্রত্যেক কর্মচারী পূর্ণ মজুরীসহ বৎসরে মোট ১৪ দিনের পীড়িত ছুটি পাবার যোগ্য হবেন। তবে ৩(তিন) দিনের বেশী হলে এ ছুটি অনুমোদিত চিকিৎসা প্রত্যয়ন পত্র সমর্থিত হতে হবে। কোন বৎসরে যে পীড়িত ছুটি ভোগ করা হয়নি, তার জের পরবর্তী বার্ষিক ছুটির সালে সম্পূর্ণ আকারে বার্ষিক ছুটি হিসেবে জমা হবে। এ জমা থাকার ক্ষেত্রে কোন সীমা থাকবে না।

৫.১০ উৎসব ছুটি :

মিস্ক ইউনিয়নের উৎসব ছুটি প্রত্যেক পঞ্জিকা বৎসরে সরকার কর্তৃক ঘোষিত তারিখ অনুযায়ী কার্যকর হবে।

৫.১১ ঐচ্ছিক ছুটি :

প্রচলিত সরকারী বিধান অনুযায়ী প্রাপ্য হবে।



/ চন্দ্রমান পাতা-১১

২.২২ পরিপূরক ছুটি (Substitute Holiday) :

সংস্থার কর্মকর্তাবৃন্দ যারা তাদের সাপ্তাহিক ছুটি ও সরকারী ছুটির দিনে পূর্ণ দিবস কর্মরত থাকবে তাদেরকে উক্ত দিনের পরিবর্তে সুবিধাজনক তারিখে কর্তৃপক্ষের পূর্ব অনুমোদনক্রমে পরিপূরক ছুটি প্রদান করা যাবে। তবে এ ছুটি পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে গ্রহণ করতে হবে। অন্যথায় উহা বাতিল বলে গণ্য হবে।

২.২৩ ক্ষতিপূরণ মূলক ছুটি :

সাপ্তাহিক ছুটির দিনে যদি কোন কর্মচারী কর্মরত থাকেন এবং ঐদিন যদি উৎসব ছুটি বা সরকার মোঘিত কোন সাধারণ ছুটি নির্ধারণ হয়, তবে সেক্ষেত্রে কর্মরত কর্মচারীগণ কাজের অধিককাল ভাতা ছাড়াও একদিনের ক্ষতিপূরণমূলক ছুটি প্রাপ্য হবেন।

২.২৪ ছুটির আবেদন পত্র পেশ এবং উহার অনুমোদন বা প্রত্যাখ্যান :

- (ক) সকল প্রকার ছুটির আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যথাসময়ে সম্পন্ন করতে হবে।
- (খ) কোন কর্মচারী অনুপস্থিতি ছুটি পাওয়ার ইচ্ছা করলে যেদিন হতে ছুটি প্রয়োজন সে দিনের অন্ততঃ সাতদিন পূর্বে নির্ধারিত ফরমে ছুটিকালীন অবস্থানের ঠিকানা উল্লেখ পূর্বক ছুটির জন্য বিভাগীয় প্রধানের নিকট অবশ্যই লিখিতভাবে আবেদন করতে হবে এবং ছুটির আবেদনপত্র পেশ করার তিনদিনের মধ্যে অথবা ছুটি শুরু হওয়ার দুইদিন পূর্বে, যেটি আগে ঘটে, মিস্ত্রি ইউনিয়নের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আবেদন পত্রের উপর অবশ্যই আদেশ প্রদান করবেন। তবে শর্ত থাকে যে, যদি জরুরী কারণে প্রার্থিত ছুটি আবেদন পত্র পেশ করার তারিখে অথবা এর তিন দিনের মধ্যে শুরু হয়, তাহলে অবশ্যই আবেদন করার তারিখেই আদেশ প্রদান করা হবে।
- (গ) প্রার্থিত ছুটি অনুমোদিত হলে, কর্মচারীকে ছুটি অনুমোদনের আদেশ অবশ্যই প্রদান করা হলে। যদি ছুটি প্রত্যাখ্যাত অথবা স্থগিত করা হয়, তাহলে এর কারণ লিখিত বিবরণীতে অবশ্যই উল্লেখ থাকবে এবং কর্মচারীকে এরূপ প্রত্যাখ্যাত অথবা স্থগিতকরণ সম্পর্কে অবহিত করতে হবে।
- (ঘ) যদি কোন কর্মচারী ছুটিতে যাবার পর তা বর্ধিত করবার ইচ্ছা করেন এবং এরূপ ছুটি যদি তার পাওনা থাকে, তাহলে তাকে ছুটির মেয়াদ শেষ হবার পূর্বেই কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। বিভাগীয় প্রধান যথাসম্ভব প্রচলিত নিয়মানুযায়ী কর্মচারীর ছুটিকালীন অবস্থানের ঠিকানায় ছুটি বর্ধিত করণের বিষয়টি মঞ্জুর অথবা প্রত্যাখ্যাত সম্পর্কিত লিখিত জবাব প্রেরণ করবেন।
- (ঙ) কোন কর্মচারীর অনুমোদিত ছুটি ব্যতিরেকে কাজে অনুপস্থিতি অসদাচরণ বলে গণ্য হবে এবং এর ফলে বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২.২৫ ছুটিকালীন বেতন :

- (১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পেয়েছেন সে বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাবার অধিকারী হবেন।



(২) কোন কর্মচারী অর্ধ-বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পেয়েছেন সে বেতনের অর্ধহারে ছুটিকালীন বেতন পাবার অধিকারী হবেন।

৫.১৬ ছুটি হতে প্রত্যাবর্তন করানো :

ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যেতে পারে এবং তাকে অনুরূপভাবে তলব করা হলে তিনি যে কর্মস্থলে ফিরে আসার জন্য নির্দেশিত হয়েছেন, তার উদ্দেশ্যে রওয়ানা হওয়া হতে তাকে কর্মরত বলে গণ্য করা হবে এবং এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য প্রবিধান (৬.০১) অনুযায়ী তিনি ভ্রমণ ভাতা পাবার অধিকারী হবেন।

৫.১৭ ছুটি নগদীকরণ :

প্রত্যেক স্থায়ী কর্মকর্তা/কর্মচারী বৎসরে একবার ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্জিত ছুটি নগদায়ন করতে পারবেন। যদি তার উক্ত ছুটি জমা থাকে। অবসর গ্রহণের সময় এককালীন পুঞ্জীভূত (Cumulative) ছুটি নগদায়ন করতে পারবেন। যদি ছুটি পাওনা থাকে।

৫.১৮ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও ভাতা :

শ্রমিক ক্ষতিপূরণ আইন ১৯২৫ পরবর্তীতে এর সংশোধনী অনুযায়ী প্রদান করা যেতে পারে।

৫.১৯ অসুস্থতাজনিত কারণে অনুপস্থিতকালের বেতন ও ভাতা :

কোন কর্মচারী অসুস্থতাজনিত কারণে অনধিক ৩ (তিন)-মাস কার্যহীন হতে অনুপস্থিত থাকলে (অসুস্থ সম্পর্কে কর্তৃপক্ষ নিশ্চিত হলে) সংশ্লিষ্ট কর্মচারীর ছুটি পাওনা সাপেক্ষে অসুস্থ থাকাকালীন সময়ে তিনি যথারীতি বেতন-ভাতাদি পাওয়ার যোগ্য হবেন।

ষষ্ঠ অধ্যায়

ভ্রমণ ও অন্যান্য ভাতা।

৬.০০ ভ্রমণ ভাতা :

ভ্রমণ ভাতা প্রদানের উদ্দেশ্যে পৃথকভাবে প্রণীত ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বিধিমালা অনুযায়ী মিল্ক ইউনিয়নের সকল কর্মচারী কর্তব্যরত থাকা অবস্থায় ভ্রমণ ভাতা পাওয়ার যোগ্য হবে।

৬.০১ বিশেষ ভাতা :

সংস্থা এর কোন কর্মচারীকে বিশেষ প্রকৃতির কোন কর্ম সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন কোন নব প্রবর্তনমূলক গবেষণা বা উন্নয়নমূলক কর্মসম্পাদনের জন্য নগদ অর্থ আকারে বা বিশেষ ভাতা প্রদান করতে পারবে। এ অর্থের পরিমাণ সংশ্লিষ্ট কর্মচারীর এক মাসের মূল বেতনের অধিক হবে না।

স্বাক্ষর

/স্বাক্ষর পাতা-১৩

২০২ দায়িত্ব ভাতা :

কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের জন্য তার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে সমমানের/উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করলে তার মূল বেতনের শতকরা ১০ ভাগ হারে দায়িত্ব ভাতা প্রদান করা হবে। এ দায়িত্ব ভাতা সর্বোচ্চ ৬ (ছয়) মাস পর্যন্ত প্রদান করা হবে।

২০০ উৎসব ভাতা ও উৎপাদন এক্সগ্রেসিয়া :

মিষ্ক ইউনিয়ন এতদুদ্দেশ্যে সময় সময় জারীকৃত আদেশ মোতাবেক মিষ্ক ইউনিয়নের কর্মচারীগণকে বার্ষিক সাধারণ সভা ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট বছরের বাজেট অনুমোদন ভিত্তিতে নিম্নোক্তভাবে উৎসব ভাতা ও উৎসাহ/উৎপাদন এক্সগ্রেসিয়া প্রদান করবে :

(১) উৎসব ভাতা :

মিষ্ক ইউনিয়নের কর্মচারীগণ বৎসরে ২ (দুই)টি মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা হিসেবে প্রাপ্য হবেন।

(২) উৎসাহ বোনাস/উৎপাদন এক্সগ্রেসিয়া :

মিষ্ক ইউনিয়নের কর্মচারীগণ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ঘোষিত সংখ্যক উৎসাহ বোনাস/উৎপাদন এক্সগ্রেসিয়া প্রাপ্য হবেন। এ ক্ষেত্রে কোন কর্মচারী উৎসাহবোনাস/উৎপাদন এক্সগ্রেসিয়া প্রাপ্যতার আর্থিক বৎসরে ৬ (ছয়) মাস বা তদোর্ধ্ব সময় পর্যন্ত মিষ্ক ইউনিয়নের চাকুরীতে নিয়োজিত থাকলে তিনি পূর্ণ উৎসাহ বোনাস/উৎপাদন এক্সগ্রেসিয়া প্রাপ্য হবেন এবং ৬(ছয়) মাসের কম সময় পর্যন্ত মিষ্ক ইউনিয়নের চাকুরীতে নিয়োজিত থাকলে তিনি অর্ধেক উৎসাহ বোনাস/উৎপাদন এক্সগ্রেসিয়া প্রাপ্য হবেন। উক্ত আর্থিক বৎসরে মিষ্ক ইউনিয়নের চাকুরী হতে অবসর গ্রহণকারী ও পদত্যাগকারী কর্মচারীগণও এ সুবিধা প্রাপ্য হবেন।

২০৫ চিত্তবিনোদন ভাতা :

একজন কর্মচারী প্রতিবছর ৫.০৫ অনুযায়ী চিত্তবিনোদন ভাতা পাবার অধিকারী হবেন।

সপ্তম অধ্যায়

চাকুরীর বৃত্তান্ত

২০০ চাকুরীর রেকর্ড :

- (ক) প্রত্যেক কর্মচারীর চাকুরীর রেকর্ড পৃথক পৃথক নির্ধারিত চাকুরী বহিতে মিষ্ক ইউনিয়ন কর্তৃক অবশ্যই রক্ষিত হবে।
- (খ) কোন কর্মচারী এতদুদ্দেশ্যে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসরে একবার তার চাকুরী বহি দেখতে পারবেন এবং এরূপ দেখবার পর তাতে লিপিবদ্ধ বিষয়াদির সঠিক ও সম্পূর্ণ বলে উল্লেখ পূর্বক তারিখসহ স্বাক্ষর করবেন।

/ চলমান পাতা-১৪





মুহম্মদ হুমায়ুন
সিনিয়র অফিসার (কৃষি) শিল্প
মুহম্মদ হুমায়ুন

- (গ) যদি কোন কর্মচারী তার চাকুরী বহি দেখবার সময় তাতে কোন বিষয় জনটিপূর্ণভাবে লিপিবদ্ধ হয়েছে বা বাদ পড়েছে বলে মনে করেন, তাহলে তিনি তা সংশোধনের জন্য ১৫ (পনের) দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার দৃষ্টিগোচর করবেন এবং উক্ত কর্মকর্তা চাকুরী বহিতে প্রয়োজনীয় সংশোধন করবেন।

৭.০১ গোপনীয় প্রতিবেদন :

- (ক) প্রত্যেক কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদন উক্ত কর্মচারীর তত্ত্বাবধায়ক কর্মকর্তা কর্তৃক পূরণীয় হবে এবং তদুর্ধ্ব কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হবে। যে সকল ক্ষেত্রে প্রধান নির্বাহী গোপনীয় প্রতিবেদন লিখবেন, সে সকল ক্ষেত্রে প্রধান নির্বাহী প্রতিস্বাক্ষর করবেন। প্রধান নির্বাহী এর অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান।
- (খ) একজন কর্মচারী তার গোপনীয় প্রতিবেদন দেখবার অধিকার থাকবে না। সংশোধন যোগ্য কোন ত্রুটি সম্পর্কিত বিরূপ মন্তব্য তাকে অবশ্যই জানানো হবে, যাতে তিনি তার অবস্থা ব্যাখ্যা করবার এবং নিজেকে সংশোধন করবার সুযোগ পান। তবে শর্ত থাকে যে, যদি প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা মনে করেন যে, এরূপ মন্তব্য রদযোগ্য তবে তিনি তা নিজ ক্ষমতা বলে রদ করতে পারবেন।

অষ্টম অধ্যায়

সাধারণ আচরণ ও শৃঙ্খলা

১। প্রত্যেক কর্মচারী -

- (ক) এ বিধিমালা অনুযায়ী কাজ করবেন এবং মেনে চলবেন।
- (খ) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের এখতিয়ার তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্মে নিয়োজিত রয়েছেন তার বা তাদের দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন করবেন এবং মেনে চলবেন এবং
- (গ) বিশ্বস্ততা, সততা ও অধ্যবসায়ের সাথে মিল্ক ইউনিয়নে চাকুরী করবেন।

২। কোন কর্মচারী :

- (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করবেন না, তার সাহায্যার্থে চাঁদাদান বা অন্য কোন উপায়ে তার সহায়তা করবেন না বা রাষ্ট্রের স্বার্থবিরোধী অথবা মিল্ক ইউনিয়নের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করবেন না;
- (খ) তার অব্যবহিত (Immediate) উপযুক্ত কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করবেন না;
- (গ) মিল্ক ইউনিয়নের সাথে লেনদেন রয়েছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রয়েছে এমন ব্যক্তিদের নিকট হতে কোন দান বা উপহার গ্রহণ করবেন না যা তার দায়িত্ব পালনের ক্ষেত্রে তাকে প্রভাবিত করতে পারে।

স্বাক্ষর

(খ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকরী গ্রহণ করবেন না এবং

(ঙ) কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত অন্য কোন খন্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করবেন না।

১৩।

কোন কর্মচারী মিক ইউনিয়নের নিকট বা তার কোন সদস্যের নিকট কোন ব্যক্তিগত নিবেদন পেশ করতে পারবেন না। কোন নিবেদন থাকলে তা কর্মচারীর উর্দতন কর্মকর্তার মাধ্যমে পেশ করতে হবে।

১১। কোন কর্মচারী তার চাকরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে মিক ইউনিয়নের বা এর কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা বাহিরের কোন প্রভাব বিস্তার করবেন না অথবা নিতান্তের চেষ্টা করবেন না।

১০। কোন কর্মচারী তার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা অন্য কোন বেসরকারী/সরকারী ব্যক্তির শরণাপন্ন হবেন না।

৯। কোন কর্মচারী মিক ইউনিয়নের বিষয়াদি সম্পর্কে সংবাদপত্র বা অন্য কোন গণমাধ্যমের সাথে সরাসরি কোন যোগাযোগ স্থাপন করবেন না। এরূপ যোগাযোগ আয়োজন হলে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।

৮। প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে স্বাণগ্রহণতা পরিহার করবেন।

৭।

১। কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী :

(ক) অদক্ষ হন অথবা দক্ষতা হারিয়ে ফেলেন অথবা এ দক্ষতা পূর্ণঃ অর্জনের কোন সম্ভাবনা না থাকে-

১. শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে অথবা
২. অন্য কোন কারণে অথবা

(খ) অসদাচরণের দায়ে দোষী হন অথবা

(গ) তিরস্কারের দায়ে দোষী হন অথবা

(ঘ) নিম্নবর্ণিত কারণে দুর্নীতি পরায়ন হন বা যুক্তিসংগতভাবে দুর্নীতি পরায়ন বলে বিবেচিত হন যথা:

১. ডিনি বা তার উপর নির্ভরশীল তার সাহায্যে না তার পক্ষে অন্য কোন ব্যক্তি যদি এমন কোন আর্থিক সম্পদ বা সম্পত্তির অধিকারী হন যা তমত আয়ের সাথে অসংগতপূর্ণঃ অথবা

২. তার প্রকাশ্য আয়ের সংক্রান্ত তথ্য না করে জীবন যাপন করেন অথবা

- (ঙ) মিস্ক ইউনিয়ন বা রাষ্ট্রের বিরুদ্ধে নাশকতামূলক বা ক্ষতিকর কার্যে লিপ্ত হন বা অনুরূপ কার্যে লিপ্ত হয়েছেন বলে সন্দেহ করবার যুক্তিসংগত কারণ থাকে অথবা একরূপ অন্যান্য ব্যক্তিদের সাথে সংশ্লিষ্ট হয়েছেন বলে সন্দেহ করবার কারণ থাকে যে; উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণ রাষ্ট্র বিরোধী বা মিস্ক ইউনিয়নের বিরুদ্ধে নাশকতামূলক বা ক্ষতিকর কার্যে লিপ্ত হন এবং যে কারণে তাকে চাকুরীতে রাখা মিস্ক ইউনিয়ন বা জাতীয় নিরাপত্তার প্রতি ক্ষতিকর বলে বিবেচিত হয়;

তাহলে উপযুক্ত কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আরোপ করতে পারবেন।

৮.০২ (১) এ বিধিমালার অধীনে নিম্নোক্ত দণ্ডসমূহ আরোপযোগ্য হবে যথাঃ

(ক) লঘুদণ্ড :

১. তিরস্কার
২. নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি ও বেতনবর্ধন স্থগিত রাখা
৩. নিম্নপদে বা নিম্নতর বেতনক্রম বা বেতনক্রমের নিম্নস্তরে অবনমিতকরণ
৪. কর্মচারী কর্তৃক সংঘটিত শৃংখলাজনিত অপরাধের কারণে মিস্ক ইউনিয়নের আর্থিক ক্ষতির অংশ বিশেষ বা সম্পূর্ণ তার বেতন বা অন্য কোন খাতের পাওনা হতে আদায়করণ।


(খ) গুরুদণ্ড :

১. চাকুরী হতে অপসারণ (removal from service)
২. চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service)
৩. চাকুরী হতে অপসারণের ক্ষেত্রে নহে বরং চাকুরী হতে বরখাস্ত হওয়ার পর কোন কর্মচারী ভবিষ্যতে মিস্ক ইউনিয়নে চাকুরী প্রাপ্তির অযোগ্য বলে গন্য হবেন।
৪. বাধ্যতামূলক অবসরদান (Compulsory retirement)

(গ) দণ্ড সমূহ নিম্নরূপভাবে আরোপযোগ্য হবে :

১. বিধিমালা-৮.০১-এর অনুচ্ছেদ ক এর উপ-অনুচ্ছেদ-এ বর্ণিত অদক্ষতার জন্য তিরস্কার এবং চাকুরী হতে বরখাস্তকরণ দণ্ড ব্যতিত যে কোন দণ্ড;
২. অন্য কোন অদক্ষতার জন্য চাকুরী হতে বরখাস্তকরণ দণ্ড ব্যতিত অন্য যে কোন দণ্ড;
৩. অসদাচরণের জন্য যে কোন দণ্ড;
৪. ডিজারশনের জন্য যে কোন দণ্ড;
৫. দূর্নীতি অথবা নাশকতামূলক কার্যকলাপের জন্য নিম্ন পদে বা নিম্ন বেতন-ক্ষেত্রে অবনমিতকরণ দণ্ড ব্যতিত যে কোন দণ্ড।

(ঘ) কোন কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষের অধস্তন কোন কর্তৃপক্ষ গুরুদণ্ড আরোপ করতে পারবেন না।





/ চশমান পাতা-১৭

(৩) এ বিধিতে নিম্নোক্ত ক্ষেত্রে কোন ব্যক্তির অব্যাহতি চাকরী হতে অপসারণ বা চাকরী হতে বরখাস্তকরন এর অন্তর্ভুক্ত নয়-

১. শিক্ষানবীশ হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়ে শিক্ষানবীশকালীন সময়ে অথবা তাঁর উপর প্রযোজ্য শিক্ষানবীশ ও প্রশিক্ষন বিধিমালা অনুসারে; অথবা
২. চুক্তির অধীন ব্যক্তিত অন্য কোন প্রকারে অস্থায়ীভাবে নিয়োজিত হলে, উক্ত নিয়োগকাল সমাপনান্তে; অথবা
৩. চুক্তির অধীনে নিযুক্তির ক্ষেত্রে চুক্তির শর্ত মোতাবেক।

৮.০০ প্রাথমিক প্রতিবেদন :

মিক ইউনিয়নের যে কোন বিভাগ / শাখা / কারখানা / দুক্ক এলাকায় প্রতিষ্ঠানের স্বার্থের পরিপন্থী ঘটনা/দুর্ঘটনা ঘটলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাৎক্ষনিকভাবে, প্রয়োজন হলে প্রাথমিক তদন্ত করে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করবেন। কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের গুরুত্ব অনুধাবন করতঃ যেরূপ উপযুক্ত বলে মনে করবে সেরূপ নির্দেশ প্রদান করবে।

৮.০৪ নাশকতামূলক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি :

১. কোন ব্যক্তির বিরুদ্ধে বিধিমালা ৮.০১ এর অনুচ্ছেদ-৩ এর অধীনে কার্যক্রম গ্রহণ করা হলে, কর্তৃপক্ষ-

(ক) লিখিত আদেশ দ্বারা সংশ্লিষ্ট কর্মচারীকে উক্ত আদেশের উল্লেখিত তারিখ হতে তার প্রাপ্যতা অনুযায়ী ছুটিতে যাওয়ার জন্য নির্দেশ দিতে পারবেন ;

(খ) লিখিত আদেশ দ্বারা সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে যে কার্য ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করা হয়েছে উহা এবং ইহার ভিত্তি তাকে অবহিত করবেন এবং

(গ) অভিযোগ তদন্তের জন্য অনুচ্ছেদ-২ মোতাবেক গঠিত তদন্ত কমিটি তাঁর বিরুদ্ধে প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাবার জন্য তাঁকে যুক্তিসংগত সুযোগ প্রদান করবেন, তবে কর্তৃপক্ষ নিরাপত্তার স্বার্থে এ সুযোগ প্রদান যুক্তিসংগত মনে না করলে এরূপ সুযোগ প্রদান করা যাবে না।

২. যেক্ষেত্রে বিধিমালার ৮.০৪ এর ১ এর অনুচ্ছেদ (গ) অনুসারে একটি তদন্ত কমিটি গঠন করা হবে, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মচারীর পদমর্যাদার নীচে নয় এরূপ তিনজন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করবেন।

৩. এ বিধিমালার ৮.০৪(২) এর অধীন গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট মতামতসহ প্রতিবেদন পেশ করবেন। কর্তৃপক্ষ প্রাপ্ত প্রতিবেদনের উপর যেরূপ সংগত মনে করেন সেরূপ আদেশ প্রদান করবে।



শ্রমিকদের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি :

(১) এ বিধিমালায় অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করেন যে, তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে, তাকে তিরস্কার অপেক্ষা কঠোরতর কোন দণ্ড প্রদান করা হতে পারে, তাহলে কর্তৃপক্ষ-

(ক) অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তাকে লিখিতভাবে জানাবে এবং অভিযুক্ত কর্মচারী কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে তার আচরণের কৈফিয়ৎ দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তা জানাবার জন্য নির্দেশ প্রদান করবে, এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত কর্মচারী কর্তৃক পেশকৃত কৈফিয়ত (যদি কিছু থাকে) বিবেচনা করবে এবং অভিযুক্ত কর্মচারী যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করে থাকেন, তবে তাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না কর থাকেন, তাকে লঘুদণ্ড প্রদান করতে পারবে।

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ/প্রধান নির্বাহী বা কর্মকর্তা যেক্ষেত্রে যিনি গন তিনি যুক্তিসংগত মনে করলে অভিযোগ তদন্ত পূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য অভিযুক্তের পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করতে পারবেন।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন প্রাপ্তির পর ক্ষেত্রমত কর্তৃপক্ষ/প্রধান নির্বাহী বা কর্মকর্তা তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন অথবা প্রয়োজন মনে করলে পুনরায় তদন্তের জন্য আদেশ দিতে পারবেন।

(৩) পুনঃতদন্তের আদেশ দেওয়া হলে এর প্রতিবেদন প্রাপ্তির পর ক্ষেত্রমত কর্তৃপক্ষ/প্রধান নির্বাহী বা কর্মকর্তা চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(৪) যে ক্ষেত্রে বিধিমালার ৮.০১ এর অনূচ্ছেদ (ক) বা (খ) বা এর অধীনে উল্লিখিত কোন কার্যকলাপের জন্য কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা/সূচনা করতে হয় এবং ক্ষেত্রমত কর্তৃপক্ষ/প্রধান নির্বাহী বা কর্মকর্তা যদি এ অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্ত কর্মচারীকে তিরস্কারের দণ্ড প্রদান করা হবে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ/প্রধান নির্বাহী বা কর্মকর্তা-

(ক) অভিযুক্ত কর্মচারীকে শুনানীর সুযোগদান করতঃ উক্ত দণ্ড আরোপ করতে পারে; অথবা

(খ) অভিযুক্ত কর্মচারী ব্যক্তিগতভাবে উপস্থিত না হলে বা উপস্থিত হতে অস্বীকার করলে ক্ষেত্রমত কর্তৃপক্ষ/প্রধান নির্বাহী বা কর্মকর্তা-

(১) শুনানী ব্যতিরেকেই অভিযুক্ত কর্মচারীর উপর দণ্ড আরোপ করতে পারবে; অথবা

(২) উপ-বিধান (১) হতে (৩)-এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার পর অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্ত কর্মচারীকে বিধান ৮.০২ (১) এর 'ক'-তে বর্ণিত তিরস্কার ব্যতিত যে কোন লঘুদণ্ড আরোপ করবে;

/ চলমান পাতা-১৯


(শ্রদ্ধা কুমার শাহা)
মুখ্য নির্বাহক (কৃষিক্ষেত্র শিষ্টা)
সমবায় অভিযুক্তের দপ্তর।

- (গ) অভিযুক্ত কর্মচারী তাকে দিখিতভাবে অভিযোগ জানানোর দাবী করলে, উপ-বিধান (১) হতে (৩)-এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে এবং অভিযোগ প্রমাণিত হলে, বিধান ৮.০২ (১) এর 'ক'-তে বর্ণিত তিরস্কার ব্যতীত যে কোন লঘুদণ্ড প্রদান করা যাবে।

১.০৩ তদন্তের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি :

- (১) যে ক্ষেত্রে কোন কর্মচারীর বিরুদ্ধে এ বিধিমালার অধীন কোন কার্যধারা সূচনা করতে হয় এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হলে গুরুতর দণ্ড আরোপ করার প্রয়োজন হতে পারে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ -
- (ক) অভিযোগনামা (Charge Sheet) প্রনয়ন করবে এবং প্রস্তাবিত দণ্ডের বিয়য় তাতে উল্লেখ করবে এবং সে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রণীত হয়েছে এর বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময় অন্য যে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করে তাও কর্মচারীকে অবহিত করবে;
- (খ) অভিযুক্ত কর্মচারী অভিযোগনামা প্রাপ্তির পর ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থন করে লিখিত বিবৃতি পেশ করবেন এবং প্রস্তাবিত দণ্ড কেন তার উপর আরোপ করা যাবে না তৎসম্পর্কে উক্ত বিবৃতিতে কারণ দর্শাবেন এবং তিনি ব্যক্তিগতভাবে গুননীর ইচ্ছা পোষণ করেন কিনা তা উল্লেখ করবেন। তবে নির্ধারিত সময়সীমা শেষ হওয়ার পূর্বে অভিযুক্ত ব্যক্তি সময় বৃদ্ধির আবেদন করলে কর্তৃপক্ষ তাঁকে বক্তব্য দাখিল করার জন্য অতিরিক্ত ১০ (দশ) কার্য দিবস পর্যন্ত সময় বর্ধিত করতে পারবে।
- (২) যে ক্ষেত্রে অভিযুক্ত কর্মচারী নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশ করবেন সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত অন্যান্য বিষয়াদির সাক্ষ্য প্রমাণসহ তার উক্ত বিবৃতি বিবেচনা করবে এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করে যে:
- (ক) অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হবার উপযুক্ত কারণ বা ভিত্তি নেই, তাহলে উক্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করতঃ উক্ত কার্যক্রমটি নিষ্পত্তি করবে;
- (খ) অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হবার পর্যাপ্ত কারণ আছে এবং অভিযোগ প্রমাণিত হলে লঘুদণ্ড প্রদানের প্রয়োজন হবে তাহলে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে গুননীর সুযোগ দান করে যে কোন একটি লঘুদণ্ড প্রদান করতে পারবে অথবা লঘুদণ্ড আরোপের উদ্দেশ্যে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করে বিধিমালার ৮.০৫-এ বর্ণিত কার্যপ্রণালী অনুসরণক্রমে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে ;
- (গ) উক্ত কার্যধারায় অভিযুক্ত কর্মচারীর উপর গুরুদণ্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ আছে তাহলে অভিযোগ তদন্তের জন্য কর্মচারীর পদমর্যাদার নিম্নে নহে এমন একজন কর্মকর্তাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করবে অথবা অনুরূপ একাধিক কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করবে।

/ চলমান পাতা



(শ্রীমান কুমার শাহা)
মুখ্য নিবন্ধক (ব্যক্তিগত শিষ্ঠ)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

- ৩) যেক্ষেত্রে অভিযুক্ত কর্মচারী নির্ধারিত বা বর্ণিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনের জন্য লিখিত বিবৃতি পেশ না করেন সেক্ষেত্রে নির্ধারিত বা বর্ধিত সময় শেষ হওয়ার তারিখ হতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নীচে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করবেন বা ক্ষেত্র বিশেষে তিনজন কর্মকর্তা সমন্বয়ে তদন্ত কমিটি নিয়োগ করবেন।
- ৪) তদন্তের আদেশ প্রাপ্তির তারিখ হতে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে ক্ষেত্রমতে তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটি তদন্তের কাজ শুরু করবেন এবং বিধিমালার ৮.০৮-এ বর্ণিত পদ্ধতি অনুসরণক্রমে তদন্ত পরিচালনা করবেন এবং কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করবেন।
- ৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করবেন এবং উক্ত প্রতিবেদনের ভিত্তিতে এর সিদ্ধান্ত লিপিবদ্ধ করবেন এবং অভিযুক্ত কর্মচারীকে উক্ত সিদ্ধান্তটি লিখিতভাবে জানাবেন।
- ৬) কর্তৃপক্ষ উপবিধি-৫ মোতাবেক গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করলে প্রস্তাবিত দণ্ড অভিযুক্ত ব্যক্তির উপর কেন আরোপ করা হবে না সে সম্পর্কে অভিযুক্ত ব্যক্তিকে অবহিত করার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাতে বলবেন।
- ৭) এ বিধিমালার অধীনে তদন্ত কার্যধারায় পর্যাপ্ত সাক্ষ্য-প্রমাণ লিপিবদ্ধ থাকতে হবে এবং যেক্ষেত্রে কোন তদন্ত কর্মকর্তা বা তদন্ত কমিটি নিয়োগ করা হয় সেক্ষেত্রে উক্ত তদন্তকারী কর্মকর্তা বা কমিটির প্রতিবেদনে তদন্তের ফলাফলের সমর্থনে যুক্তিসংগত কারণ লিপিবদ্ধ থাকতে হবে।
